[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted], [redacted] (meherpurpratidin.com) [redacted]

[redacted]

[redacted]

গেলেই একটা বার্তা আসছে, যেখানে লেখা আছে “you are unable to access quintype.io”। এ নিয়ে সোশ্যাল মিডিয়াতে মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে।

অনেকে বলতে চাইছেন, ভারত সফরে সালফান এফ রহমানকে অন্তর্ভুক্ত করতে চাচ্ছে না ভারত, এমন নিউজের কারণে বাংলাদেশের রেগুলেটরি কমিশন থেকে বিডিনিউজের ওয়েবসাইট ব্লক করে দেয়া হয়েছে। অথচ ভারতে হতে যাওয়া জি-২০ সম্মেলনে সালমান এফ রহমানকে অন্তর্ভুক্তি না করার বিষয়টি অনেক পত্রিকাই সংবাদ প্রকাশ করেছে। শুধুমাত্র বিডিনিউজ২৪ নিষেধাজ্ঞার কবলে পরবে এটা কোনো মতেই বিশ্বাসযোগ্য তথ্য নয়। চন্দন নন্দীর যে প্রতিবেদনের কারণে এই গুজব ডালপালা মেলেছে, সেই রিপোর্ট হুবুহু প্রকাশিত হয়েছে নর্থ ইস্ট নিউজ পোর্টালে। সেই নিউজের কোথাও সালফান এফ রহমানকে ভারত সফরের অন্তর্ভুক্তির প্রসঙ্গে কিছুই উল্লেখ নেই। রিপোর্টটি পুরোপুরি বাংলাদেশ ভারতের সম্পর্কের একটি বিশ্লেষণ।

এই গুজব ছড়ানোর মূল কারণ, বিডিনিউজের ইংরেজি পত্রিকায় চন্দন নন্দীর একটি লেখা খুঁজে না পাওয়া। বিডিনিউজের সাইটে “Caught in a cleft stick” নিবন্ধে ভারত বাংলাদেশের সম্পর্কের ফাটলের ব্যাপারে লেখাটি প্রকাশিত হয় ১ সেপ্টেম্বর রাত ১২ টার পর। আর বিডিনিউজ সাইট বন্ধ হয় একইদিন সকাল ১০টায়। সাংবাদিক চন্দন নন্দী তার বিশ্লেষণধর্মী লেখাটি বিডিনিউজে খুঁজে না পেয়ে “North east News” এর অনলাইন ভার্সনে আবার প্রকাশ করেন। সেখানে উনি উল্লেখ করেন বিডিনিউজে উনার লেখাটি প্রকাশিত হবার ২ ঘন্টার মধ্যে বিডিনিউজ২৪ পত্রিকা বন্ধ হয়ে যায়। চন্দন নন্দীর এই বক্তব্যের কারণেই গুজবটি ডালপালা ছড়ায়।

অনেকেই সামাজিক যোগাযোগমাধ্যমে অন্য আরেকটি প্রতিবেদনের লিংক সামনে এনেছেন। এলিভেটেড এক্সপ্রেসওয়ের কারণে যানজট বাড়বে এমন একটি প্রতিবেদন ১ সেপ্টেম্বর রাতে বিডিনিউজ করাতে নাকি সরকার এই সাইট বন্ধ করে দিয়েছে। অথচ এমন সংবাদ দৈনিক যুগান্তর, আজকের পত্রিকাসহ অনেক গণমাধ্যম করেছে। কিন্তু তাদের প্রকাশনায় কোনো সমস্যা হয়নি। তাছাড়া এ পর্যন্ত সরকারের ভুলভ্রান্তি আর সমালোচনা করে অনেক পত্রিকাই সংবাদ করেছে, সবাই মুক্ত ও স্বাধীনভাবেই কাজ করে যাচ্ছে।

বিদেশে অবস্থানকারী বাংলাদেশিদের সাথে যোগাযোগ করে জানা যায়, আমেরিকা, কানাডা, যুক্তরাজ্যসহ দেশের বাইরে থেকে বিডিনিউজ২৪

সাইটে প্রবেশ করা যাচ্ছে না। তার অর্থ দাঁড়ায়, বিডিনিউজ২৪ ওয়েবসাইট বাংলাদেশের গেটওয়ে থেকে বন্ধ করা হয়নি।

এদিকে বিডিনিউজ২৪ এর কর্মকর্তা আর সাংবাদিকরা জানান, ওয়েবসাইট ছাড়া তাদের স্বাভাবিক কার্যক্রম একইভাবে চলছে। কোথাও কোন বাধা বা নিষেধাজ্ঞা নেই। বিডিনিউজ২৪ এর ফেসবুক পেইজে একইভাবে প্রতিদিনেন মতো খবর আপটেড আসছে, নতুন খবর প্রকাশিত হচ্ছে। তারা আরো জানান, টেকনিক্যাল ত্রুটির কারণে বিডিনিউজ২৪ এর ওয়েবসাইট এ আপাতত প্রবেশ করা যাচ্ছে না। তাদের আইটি টিম এ নিয়ে কাজ করছেন। খুব শিগগিরই তারা তাদের ওয়েবসাইট সচল করতে পারবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।

উল্লেখ্য যে, বিডিনিউজ২৪ নিউজ পোর্টালের হোস্টিং করা হয়েছে ভারতীয় মাল্টিন্যাশনাল টেক জায়েন্ট কোম্পানি কুইনটাইপ থেকে। হোস্টিং কোম্পানির চার্জ অনিয়মিত হওয়ার কারণেও ব্যাঙালুরু ভিত্তিক এই টেকজায়ান্ট বিডিনিউজ২৪ এর ওয়েবসাইট সাময়িকভাবে বন্ধ রেখেছে। অথবা হোস্টিং কোম্পানি কুইনটাইপ এর সার্ভারে টেঙ্কনিক্যাল কোন সমস্যার কারণে এই সংকট হয়ে থাকবে। পাঠকদের কুইনটাইপ এর সার্ভারে প্রবেশের অনুমতি দেয়া হচ্ছে না।

দৈনিক রানার এর প্রতিনিধি সম্মেলন সম্পন্ন

শুধু পত্রিকা নয়, দক্ষিণ-পশ্চিমাঞ্চলের মানুষের আপনজন- এই ধারাবাহিকতা রক্ষার দৃপ্ত শপথের মাধ্যমে অনুষ্ঠিত হয়েছে দৈনিক রানারের প্রতিনিধি সম্মেলন।

রবিবার যশোর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে দিনব্যাপী এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

এতে সভাপতিত্ব করেন দৈনিক রানারের ভারপ্রাপ্ত সম্পাদক আরএম কবিরুল আলম দিপু। বক্তব্য রাখেন দৈনিক রানারের প্রকাশক উত্তম কুমার ঘোষ। ডেপুটি এডিটর প্রণব দাসের সঞ্চালনায় অন্যদের মধ্যে

আলোচনা করেন বার্তা সম্পাদক তৌহিদ জামান, দৈনিক রানারের শুভাকাঙ্ক্ষী সোহরাব হোসেন, স্টাফ রিপোর্টার জাহিদুল কবীর মিল্টন, এ্যান্টনি দাস অপু, এফ এম এ রাজ্জাক, এইচ এম হাসেম, ওয়াজেদ খান ডবলু, রাজু আহম্মেদ, আরিফুজ্জামান, এম আজিজুল হক, শাহীন আহমেদ, সোহাগ হোসেন, বাবুল আক্তার, রহিদুল ইসলাম খান, রাশেদ হোসেন, সোহাগ হোসেন, আতাউর রহমান জসি, নাসির উদ্দিন, জিএম বাবু প্রমুখ।
এছাড়া, মোল্যা গিয়াস উদ্দিন, জাহিদ হাসান, শিমুল হোসেন, অনাথ মন্ডল, হাবিবুল্লাহ বাহার, কে এম শাহীনুর রহমান, মো. ইমরান, সুব্রত কুমার, এনামুল হক দুলু, সালাউদ্দীন, সাইফুল ইমলাম, জয়ন্ত জোয়ারদার, ইমরান হোসেন, আকিমুল ইসলাম প্রমুখ আলোচনায় অংশ নেন।

অনুষ্ঠানের শুরুতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্টে নিহত শাহাদাতবরণকারী সকলের আত্মার শান্তি কামনায় দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়। এরপর দৈনিক রানারের প্রতিষ্ঠাতা মরহুম গোলাম মাজেদ ও তার স্ত্রী মরহুম রাবেয়া খাতুন, পুত্র শহীদ সাংবাদিক আরএম সাইফুল ইসলাম মুকুল, মঞ্জুরুল আলম টুটুলের প্রতি শ্রদ্ধা জানানো হয়।

ঝিনাইদহে মিথ্যা মামলা প্রত্যাহার ও হত্যার হুমকীর বিরুদ্ধে সংবাদ সম্মেলন

ঝিনাইদহের মহেশপুরে পুর্ব শত্রুতার জের ধরে মিথ্যা মামলা, ফসল বিনষ্ট, বাড়ি-ঘর ভাংচুর লুটপাট ও হত্যার হুমকী প্রদর্শণের অভিযোগ উঠেছে। এসব ঘটনার বিরুদ্ধে এবং মিথ্যা ও হয়রানী মূলক মামলা প্রত্যাহার করে প্রকৃত দোষীদের নামে মামলার দাবীতে সংবাদ সম্মেলন করেছে ভুক্তভোগীরা।

আজ বৃহস্পতিবার (২৪আগস্ট) দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলন করে মহেশপুর উপজেলার আলামপুর গ্রামের ইউপি সদস্য আব্দুল মালেক ও ভুক্তভোগীরা।

সে সময় তারা অভিযোগ করে বলেন, গত ২১ জুলাই আলামপুর গ্রামে ফুটবল খেলাকে কেন্দ্র করে দর্শকদের মাঝে সংঘর্ষে হানিফ নামের এক যুবলীগ কর্মী নিহত হয়। এ ঘটনাকে পুঁজি করে স্থানীয় আওয়ামী লীগ নেতা মতিয়ার রহমান বর্তমান ইউপি সদস্য আব্দুল মালেকসহ ৬ জনের নামে মামলা করেছে। সংঘর্ষের সময় তারা ছিলো না যা ভিডিও ক্লীপে দেখা যাচ্ছে। হত্যা মামলাকে পুঁজি করে বাড়ি ঘর ভাংচুর ও লুটপাট করছে। তাই এসব মিথ্য মামলা প্রত্যাহার করে প্রকৃত দোষীদের আইনের আওতায় আনার জোর দাবী জানান তারা।

সংবাদ সম্মেলনে ইউপি সদস্য আব্দুল মালেক বলেন, আমাদের মাঠের ফসল, পাঁকা ধান, কয়েক বিঘা জমির ড্রাগন, কলাসহ বিভিন্ন ফসল মাঠেই নষ্ট হচ্ছে। জমিতে আমাদের যেতে দেওয়া হচ্চে না। ঘটনার সময় করা ভিডিওতে দেখা যায় যাদের নামে মামলা করা হয়েছে তাদের একজনও সেখানে উপস্থিত নেই। শুধু আমাদের ফাঁসাতে এ মামলা করা হয়েছে।

সংবাদ সম্মেলনে ইউপি সদস্য আব্দুল মালেক, রাসেল হোসেন, সাইদুর রহমানসহ ভুক্তভোগী পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

দর্শনা প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে নবাগত ওসির মতবিনিময়

দর্শনা থানার নবাগত ওসি বিপ্লব কুমার শাহার সঙ্গে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে দর্শনা প্রেসক্লাবের সভাপতি জাহিদুল ইসলামের সভাপতিত্বে ও সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক আহসান হাবিব মামুনের সঞ্চালনায় মতবিনিয় সভায় বক্তব্যে রাখেন দর্শনা থানার নবাগত ওসি বিপ্লব কুমার শাহা বলেন, সাংবাদিকরা সমাজের দর্পণ । পুলিশ ও সাংবাদিক কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করলে সমাজ থেকে মাদক, সন্ত্রাস, ধর্ষণ, নারী নির্যাতন, বাল্যবিবাহ,

চাঁদাবাজিসহ সব ধরণের অপরাধ কমে যাবে।

এ সময় তিনি থানার সকল প্রকার অপরাধমূলক কর্মকান্ড দমন করতে এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নের লক্ষ্যে সাংবাদিকদের সহযোগিতা কামনা করেন।

এ মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন দর্শনা থানার সেকেন্ড অফিসার খান আব্দুর রহমান, দর্শনা প্রেসক্লাবের সম্পাদক হানিফ মন্ডল, এসময় উপস্থিত ছিলেন সাংবাদিক আওয়াল হোসেন, মনিরুজ্জামান ধীরু, এফ এ আলমগীর, নজরুল ইসলাম, মনিরুজ্জামান সুমন, চঞ্চল মেহমুদ, হাসমত আলী, আব্দুল আলিম, ওয়াসিম রয়েল, আব্দুল হান্নান, মাহমুদ হাসান রনি, আব্দুর রহমান, মাসুদ বিল্লা, আব্দুল হান্নান, রিফাত, সুকমল চন্দ্রদাস বাঁধন প্রমুখ।

ঝিনাইদহে স্ত্রী সন্তান ফিরে পাওয়ার দাবিতে সাংবাদিক সম্মেলন

ঝিনাইদহ সদর উপজেলার দোগাছি ইউনিয়নের পন্ডিত পুর গ্রামের মৃত বিনয় বিশ্বাসের ছেলে বিকাশ চন্দ্র বিশ্বাস আজ সোমবার ২১শে আগস্ট বেলা ১২টার দিকে ঝিনাইদহ প্রেস ইউনিটি কার্যালয়ে তার সাত মাসের শিশু সন্তান ও স্ত্রীকে ফিরে পাওয়ার দাবিতে এক সাংবাদিক সম্মেলন করেন।

ঝিনাইদহ প্রেস ইউনিটি কার্যালয় বিকাশ চন্দ্র বিশ্বাসের সাথে উপস্থিত ছিল তার মালঞ্চি রানী ভাই আকাশ বিশ্বাস শ্বশুর প্রদীপ কুমার মন্ডল ও মামাতো ভাই সঞ্জিত কুমার। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন বিকাশ কুমার বিশ্বাস।

বিকাশ কুমার বিশ্বাস বলেন গত ৩০ শে জুলাই বিকাল পাঁচটার দিকে আমার শিশু পুত্র কে নিয়ে পন্ডিতপুর থেকে কলমনখালী গেলে পন্ডিতপুর গ্রামের অসীমের সহযোগিতায় শৈলকূপা উপজেলার কাচের খোল ইউনিয়নের

ছাদেকপুর গ্রামের পার্বণ ও তার ভাই পারভেজ আমার স্ত্রী চৈতি বিশ্বাস ও সাত মাসের শিশু পুত্র কে উঠিয়ে নিয়ে চলে যায়। তাদের খুঁজে পাওয়ার জন্য ঝিনাইদাহ সদর থানায় গত ৩১শে জুলাই একটি এজাহার দায়ের করি। আজ ২২ দিন অতিবাহিত হয়ে গেল তবুও আমি জানতে পারি নাই আমার স্ত্রী পুত্র কোথায় আছে। পুলিশ প্রশাসনের নীরবতা আমাদের মনে প্রশ্নের তৈরি হয়েছে যে আমরা সংখ্যালঘু বলে কি কোন বিচার পাবো না। আমি জানিনা আমার স্ত্রী পুত্র কেমন আছে কি অবস্থায় আছে কি হয়েছে তাদের ভাগ্যে। আমরা কয়েক দফায় থানায় গিয়েছি কিন্তু থানার পুলিশ আমাদের সাথে ভালো ব্যবহার করছে না। যে অসীম এর সহযোগিতায় তুলে নিয়ে গিয়েছিল সেই অসীম এখনো গ্রামে ঘুরে বেড়াচ্ছে তাকে পুলিশ গ্রেফতার করেনি।

আমরা সাংবাদিকদের মাধ্যমে এই ঘটনার বিবরণ দেশবাসী এবং প্রশাসনের উদ্ধতম কর্মকর্তাদের জানাতে চাই যাতে আমি আমার স্ত্রী সন্তানকে অবিলম্বে ফেরত পায়। সেই সাথে যে তাকে তুলে নিয়ে গেছে তার যথা উপযুক্ত বিচার চাই। একটি হিন্দু পরিবারের গৃহবধূকে একটি মুসলিম পরিবার তুলে নিয়ে যাবে তার বিচার পাবো না এ কেমন কথা। এই বলে সাংবাদিক সম্মেলনে উপস্থিত বিকাশ বিশ্বাস কান্নায় বারবার চোখ মুছতে থাকেন।

এই প্রসঙ্গে ঝিনাইদহ সদর থানার অফিসার্স ইনচার্জ সোহেল রানা বলেন আমাদের এখানে অভিযোগ পাওয়ার পর আমরা চৈতি বিশ্বাস ও তার শিশুসন্তানকে উদ্ধারের ব্যাপারে প্রাণপণ চেষ্টা করে যাচ্ছি। আশা রাখি খুব দ্রুতই চৈতি বিশ্বাসকে তার স্বামীর নিকট ফেরত দিতে পারব।

সাংবাদিক সম্মেলনে ঝিনাইদহ প্রিন্ট পত্রিকার একাধিক সাংবাদিক উপস্থিত ছিল।

কুষ্টিয়ায় বসুন্ধরা গ্রুপের

সেলাই মেশিন পেলেন অসচ্ছল নারীরা

কুষ্টিয়ায় অসচ্ছল নারীদের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। বসুন্ধরা গ্রুপের অর্থায়নে বসুন্ধরা শুভসংঘের কুষ্টিয়ায় জেলা শাখার উদ্যোগে মাসব্যাপী প্রশিক্ষণ শেষে ২০ জন অসচ্ছল নারীর মাঝে এসব সেলাই মেশিন বিতরণ করা হয়।

আজ শুক্রবার সকালে বসুন্ধরা শুভসংঘ কুষ্টিয়া জেলা শাখা কার্যালয়ে এক অনুষ্ঠানে এসব নারীদের মাঝে সেলাই মেশিন তুলে দেন এপার বাংলা ওপার বাংলার জনপ্রিয় কথা সাহিত্যিক, বসুন্ধরা মিডিয়া গ্রুপের পরিচালক ও কালের কণ্ঠ’র প্রধান সম্পাদক ইমদাদুল হক মিলন ও কুষ্টিয়ার জেলা প্রশাসক মো. এহেতেশাম রেজা।

শুভসংঘ কুষ্টিয়া জেলা শাখার সভাপতি মর্জিনা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) পার্থ প্রতীম শীল, শুভসংঘের কেন্দ্রীয় পরিচালক জাকারিয়া জামান, কালের কণ্ঠের কুষ্টিয়ার নিজস্ব প্রতিবেদক তারিকুল হক তারিক, বসুন্ধরা বিটুমিন কুষ্টিয়া অঞ্চলের এজিএম সাদ্দাম হোসেন, এরিয়া ম্যানেজার উবায়দুর রহমান বাদশা, শুভসংঘের সহ-সভাপতি এসএম জামাল, সাধারণ সম্পাদক কাকলি খাতুন, সাংগঠনিক সম্পাদক বিপুল হোসেনসহ সংশ্লিষ্টরা।

অনুষ্ঠানে ইমদাদুল হক মিলন বলেন, ‘বসুন্ধরা গ্রুপের সহায়তায় অসচ্ছল নারীদের স্বাবলম্বী করার উদ্যোগ নেওয়া হয়েছে। বসুন্ধরা গ্রুপের মাননীয় চেয়ারম্যান আহমেদ আকবর সোবহান আমাকে নির্দেশ দিয়েছেন বাংলাদেশের প্রতিটি জেলায় এবং সম্ভব হলে উপজেলাতেও প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তুলতে। তার অংশ হিসেবেই এখানে শুভসংঘ প্রশিক্ষণ কেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন করা হলো। গত প্রায় একমাস ধরে এখানে যে ২০ জন নারী প্রশিক্ষণ নিয়েছেন তাদের ২০ জনকে এবার বসুন্ধরা গ্রুপের সহায়তায় সেলাই মেশিন বিতরণ করা হলো। তারা এটি দিয়ে নিজের পায়ে দাঁড়াবেন ও পরিবারে সচ্ছলতা আনবেন।

তিনি আরো বলেন, ‘দেশের সবচেয়ে বড় গ্রুপ বসুন্ধরা গ্রুপ শুধু ব্যবসাই করে না তারা অনেক বড় বড় মানবিক কাজ করে। এই গ্রুপের পক্ষ থেকে আমরা শিক্ষার্থীদের বৃত্তি দিচ্ছি, স্কুল, পাঠাগার,

প্রশিক্ষণ কেন্দ্র করে দিচ্ছি। সবকিছু ছেলে-মেয়েদের ও অসচ্ছল নারীদের নিজের পায়ে দাঁড় হবার জন্য করা হচ্ছে।

কুষ্টিয়ার জেলা প্রশাসক এহেতেশাম রেজা বলেন, স্মার্ট বাংলাদেশের ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যার ফলশ্রুতিতেই ইতোমধ্যে বিভিন্ন দপ্তর প্রশিক্ষণ প্রদান করছে। প্রান্তিক জনগোষ্ঠীকে দক্ষ করে গড়ে তুলতে কাজ করে যাচ্ছে সরকারি বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান। বসুন্ধরা গ্রুপের এই প্রশিক্ষণ কেন্দ্র অসহায় নারীদের স্বাবলম্বী করতে প্রশিক্ষণ ও সেলাই মেশিন প্রদানের যে মহতি উদ্যোগ নিয়েছে তা সত্যি প্রশংসনীয়।

কালের কণ্ঠের প্রধান সম্পাদক ইমদাদুল হক মিলন কুষ্টিয়ায়

দেশের শীর্ষস্থানীয় শিল্প গ্রুপ বসুন্ধরার ইস্ট-ওয়েস্ট মিডিয়ার পরিচালক, কালের কণ্ঠের প্রধান সম্পাদক ও দুই বাংলার সমান জনপ্রিয় কথা সাহিত্যিক ইমদাদুল হক মিলন কুষ্টিয়ায় এসেছেন।

দুই বাংলার জনপ্রিয় কথা সাহিত্যিক কুষ্টিয়া আসছে এমন খবর ছড়িয়ে পড়ায় কুষ্টিয়া জেলায় সংস্কৃতিমনা ও তাঁর ভক্তদের মধ্যে উৎসাহ উদ্দীপনা বিরাজ করছে।

দুপুরে তিনি শহরের খেয়া রেস্তরাঁয় পৌঁছালে কালের কণ্ঠের নিজস্ব প্রতিবেদক তারিকুল হক তারিক, শুভ সংঘ জেলা শাখার সহসভাপতি এসএম জামাল ও সাধারন সম্পাদক কাকলি খাতুনসহ অন্যান্য সদস্যরা ইমদাদুল হক মিলনকে ফুলেল শুভেচ্ছা জানান।

শুভসংঘ কুষ্টিয়া জেলা শাখার সাধারণ সম্পাদক কাকলি খাতুন জানান ইমদাদুল হক মিলন স্যার বৃহস্পতিবার দুপুরে পোঁছেন। আগামীকাল শুক্রবার সকালে বসুন্ধরা গ্রুপের সহায়তায় শুভ সংঘের উদ্যোগে সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানে তিনি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

এছাড়াও কালের কন্ঠ শুভসংঘের স্কুল, পাঠাগার উদ্বোধন ও কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করবেন।

ইমদাদুল হক মিলন সম্পর্কে জানতে চাওয়া হলে কবিপ্রেমীরা বলেন, দুই বাংলার সমান জনপ্রিয় কথা সাহিত্যিক ইমদাদুল হক মিলন কুষ্টিয়ায় এসেছেন।

আমাদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দিপনা কাজ করছে, কারন তাঁর মতো একজন দুই বাংলার জনপ্রিয় কথা সাহিত্যিকের সান্নিধ্য পাওয়া এ জেলার কবি সাহিত্যিকদের আরো ভালো লেখার অনপ্রেরণা জোগাবে

সাংবাদিকতায় আন্ত:প্রাণ মফিজুল; তথ্যের সন্ধানে ছুটে চলেছেন দেশ থেকে বিদেশে

১৯৮৯ সালের ১ জুলাই মেহেরপুর জেলার গাংনী উপজেলার কাথুলি ইউনিয়নের নওপাড়া গ্রামে মফিজুল সাদিকের জন্ম। ভূগোল ও পরিবেশ বিজ্ঞানে স্নাতক পড়ার সময় অনলাইন নিউজ পোর্টাল শীর্ষনিউজডটকমে নিজস্ব প্রতিবেদক হিসেবে যোগ দেন।

২০১২ সালের ১৫ ফেব্রুয়ারি নিজস্ব প্রতিবেদক হিসেবে যোগ দেন নিউজ পোর্টাল বাংলানিউজটোয়েন্টিফোর.কমে। সেখানে ২০১৬ সালে জ্যেষ্ঠ প্রতিবেদক হিসেবে পদোন্নতি পান। সাংবাদিকতার শুরু থেকেই অর্থনীতি বিটে কাজ করছেন। প্রতিবেদন করছেন পরিকল্পনা মন্ত্রণালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)-সহ আর্থিক খাত সংশ্লিষ্ট বিষয়ে। পেশাগত দায়িত্বের অংশ হিসেবে ভ্রমণ করেছেন যুক্তরাষ্ট্র,যুক্তরাজ্য, সংযুক্ত আরব আমিরাত, মালয়েশিয়া, থাইল্যান্ড, ভারত, নেপালসহ বিভিন্ন দেশে। ২০২১ সালের অক্টোবরে জ্যেষ্ঠ প্রতিবেদক হিসেবে যোগ দিয়েছেন জাগোনিউজ২৪.কমে।

পরিবারের সবাই কৃষিকাজে ওতপ্রোতভাবে জড়িত, ব্যতিক্রম মো.

সাংবাদিক মফিজুল সাদিক ২০০৪ সালে মেহেরপুর জেলার গাংণী উপজেলার ভাটপাড়া মাধ্যমিক বিদ্যালয় থেকে এসএসসি ও ২০০৬ সালে বিএন কলেজ থেকে এইচএসসি উত্তীর্ণ হন। এরপর ঢাকা কলেজ থেকে ভুগোল ও পরিবেশ বিজ্ঞানে অনার্স এবং ঢাকা কলেজ থেকে একই বিষয়ে মাস্টার্স ডিগ্রি অর্জন করেন।
কৃতজ্ঞতা
সাংবাদিক মফিজুল সাদিক তাঁর কর্মজীবনের এই সাফল্যের জন্য মহান আল্লাহর কাছে কৃতজ্ঞতা প্রকাশ করেন তিনি।

দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে নবাগত ওসি মতবিনিময় সভা অনুষ্ঠিত

দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে দামুড়হুদা মডেল থানার নবাগত অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আলমগীর কবীরের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার রাত ৮টার দিকে দামুড়হুদা প্রেসক্লাবের মিলনায়তনে মতবিনিময় সভাটি অনুষ্ঠিত হয়। দামুড়হুদা প্রেসক্লাবের আয়োজনে মতবিনিময় সভায় প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি মোঃ আলমগীর কবীর।

দামুড়হুদা প্রেসক্লাবের সিনিয়র সহসভাপতি হাফিজুর রহমান কাজলের প্রাণবন্ত সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার পরিদর্শক (অপারেশন) সফিউল আলম, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাবিবুর রহমান, যুগ্ন সাধারণ সম্পাদক মিরাজুল ইসলাম মিরাজ, সাংগঠনিক সম্পাদক সাজিদ হাসান সোহাগ, অর্থ সম্পাদক আহাদ আলী মোল্লা, নির্বাহী সদস্য আব্দুস সালাম, সিনিয়র সাংবাদিক ও প্রেসক্লাব সদস্য তাছির আহমেদ, মোজাম্মেল শিশির, খালেকুজ্জামান, রশেদুল ইসলাম, সালেকিন মিয়া সাগর, এসএম সুজন, রাসেল আহমেদ, রকিবুল হাসান তোতা, মশিউর রহমান তুষার সহ প্রেসক্লাবের

সদস্যবৃন্দ, সাংবাদিক আশাবুল হক, মখলেছুর রহমান প্রমুখ।

মতবিনিময় সভার শুরুতেই দামুড়হুদা মডেল থানার নবাগত অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবীর কে প্রেসক্লাবের পক্ষ থেকে ফুলেল শুভেচছা দিয়ে বরণ করে নেয়া হয়।

মতবিনিময় সভায় (ওসি) মো আলমগীর কবীর বলেন, সাংবাদিকরা সমাজের দর্পণ। সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে সামনে আগিয়ে নিতে বিশেষ ভূমিকা রাখেন সাংবাদিকরা। দামুড়হুদা প্রেসক্লাব একটি ঐতিহ্যবাহী সংগঠন। আমি এই সংগঠনের সকল সদস্যদের প্রতি উদাত্ত আহ্বান রাখবো যেন তাদের লেখেনির মাধ্যমে কোন ব্যক্তি বা সংগঠন ক্ষতিগ্রস্থ না হয়। আপনারা সংবাদ পরিবেশের আগে তথ্যের সত্যতা যাচায়-বাছায় করে সংবাদ পরিবেশের করবেন।

তিনি আরও বলেন, দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিকদের লেখেনির মাধ্যমে যেন রাষ্ট্রের উন্নয়নমূলক কর্মকাণ্ডগুলো বহুল প্রচারিত হয়। আপনারা থানা এলাকার যে কোনো ধরণের আপরাধমূলক কর্মকাণ্ডের তথ্য পেলেই আমাকে জানাবেন। আমি সেই তথ্যের হাঁড়ির খবর খুঁজে বের করে আপরাধ দমনে আইনগত ব্যবস্থা নেবো।